

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.০০১.২০১৬-৪৪০

তারিখঃ ২৭ চৈত্র ১৪২২
১৮ এপ্রিল, ২০১৬

বিষয় : “উপজেলা পরিচালন ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের (UGDP) “Project Steering Committee” তে মনোনয়ন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, জাইকা অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” শীর্ষক প্রকল্পটি গত ০১/০৩/২০১৬ তারিখে ECNEC কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপিতে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে “Project Steering Committee (PSC) গঠনের নির্দেশনা রয়েছে :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ	সভাপতি
২. মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৩. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৪. উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৬. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৭. কৃষি, পানি সম্পদ এবং পল্লী উন্নয়ন প্রতিষ্ঠান উইং, পরিকল্পনা কমিশন	সদস্য
৮. প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
৯. সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
১০. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
১১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	সদস্য
১২. জাতীয় স্থানীয় সরকার প্রশিক্ষণ প্রতিষ্ঠান	সদস্য
১৩. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
১৪. জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর	সদস্য
১৫. জাইকা, বাংলাদেশ অফিস	পর্যবেক্ষক
১৬. পিএমইউ, ইউজিডিপি, এলাজিডি	সদস্য সচিব

কার্য পরিধি :

- (১) প্রকল্প সূষ্ঠাভাবে বাস্তবায়নের জন্য সার্বিক এবং নীতি-নির্ধারনী নির্দেশনা প্রদান;
- (২) সঠিক সময়ে এবং কার্যকরভাবে প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং সরকারি দপ্তর সমূহের মধ্যে সমন্বয় এবং সহযোগিতা নিশ্চিতকরণ।
- (৩) বছরে অন্তত দুইবার “Project Steering Committee”র সভা অনুষ্ঠিত হবে তবে, কমিটির সভাপতি প্রয়োজনবোধে যে কোন সময় অতিরিক্ত সভা আহ্বান করতে পারবেন।

২। এমতাবস্থায়, “Project Steering Committee”র সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করনের লক্ষ্যে উপসচিব বা তদূর্ধ পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
২. সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা/মইই উইং, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৬. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), UGDP।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৮. সিনিয়র রিপ্রেজেন্টেটিভ, জাইকা বাংলাদেশ অফিস, গুলশান-১, ঢাকা।
৯. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।